

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
 এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, ঢাকা
 www.a2i.gov.bd



স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১৩.৯৯.০০১.২১.৩৩

তারিখ: ২ আষাঢ়, ১৪২৮

১৬ জুন ২০২১

বিষয়: বিভাগ ও জেলা পর্যায়ে 'জাতীয় তথ্য বাতায়নের' কার্যক্রম হালনাগাদ, গতিশীল এবং নতুন ফিচার পরিবর্তন সংক্রান্ত বিষয়ে মাঠ পর্যায়ের সহকারী কমিশনার গণের ২ (দুই) দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার অন্যতম মাধ্যম হলো জাতীয় তথ্য বাতায়ন। তথ্য অধিকার আইন-২০০৯ এর যথাযথ বাস্তবায়ন এবং ঘরে বসে নাগরিক সেবা সম্পর্কে সামগ্রিক ধারণা লাভসহ সেবাগ্রহণের অন্যতম প্ল্যাটফর্ম পরিণত হয়েছে জাতীয় তথ্য বাতায়ন। যার ফলশ্রুতিতে কারিগরি দিক থেকে অধিক মানসম্পন্ন, গতিশীল, সুষ্ঠু ও যুগোপযোগী তথ্য বাতায়ন নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় তথ্য বাতায়নের কার্যক্রম হালনাগাদ, গতিশীল এবং নতুন ফিচার পরিবর্তন সংক্রান্ত বিষয়ে মাঠ পর্যায়ের সহকারী কমিশনার (আইসিটি)গণের জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের আবশ্যিকতা দেখা দিয়েছে।

২। এটুআই কর্তৃক জাতীয় তথ্য বাতায়নের বিভাগ ও জেলা পর্যায়ের নতুন ফিচার পরিবর্তন সংক্রান্ত বিষয়ে মাঠ পর্যায়ের সহকারী কমিশনার (আইসিটি)গণের ৫(পাঁচ)টি ব্যাচের ২(দুই)দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ আগামী জুন ১৯ ও ২০, ২০২১ খ্রি, জুন ২২ ও ২৩, ২০২১ খ্রি, জুন ২৭ ও ২৮, ২০২১ খ্রি, জুলাই ০৩ ও ০৪, ২০২১ এবং জুলাই ০৬ ও ০৭, ২০২১ খ্রিঃ তারিখ সংযুক্ত তালিকা অনুযায়ী প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বে মুক্তপাঠের <https://www.muktopaath.gov.bd/> সাইটে রেজিস্ট্রেশন করে অনলাইনে জাতীয় তথ্য বাতায়ন ব্যবস্থাপনা (<http://muktopaath.gov.bd/course-details/25>) বিষয়ক অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে সার্টিফিকেটের কপি সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য যে, বর্ণিত তারিখের পূর্বে সহকারী কমিশনারগণের ই-মেইলে প্রশিক্ষণের সময়সূচি সহ জুম লিংক প্রেরণ করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে বিধি মোতাবেক সম্মানী ভাতা ও ইন্টারনেট কানেক্টিভিটি ব্যয় প্রদান করা হবে।

৪। এমতাবস্থায়, জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক অনলাইন ২(দুই) দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় সহকারী কমিশনারগণের অংশগ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(প্রয়োজনে জনাব জিয়াউর রহমান, উপসচিব ও কনসালটেন্ট, ন্যাশনাল পোর্টাল ডোমেইন এক্সপার্ট, মোবাইল +৮৮০১৭১২৬৪৭৬২৯ ইমেইল-ziaur.rahman@a2i.gov.bd এর সাথে যোগাযোগ করা যাবে)।



১৬-৬-২০২১

ড. দেওয়ান মুহাম্মদ হামায়ুন কবীর
 যুগ্মসচিব (ই-গভর্ন্যান্স), মন্ত্রিপরিষদ বিভাগ ও যুগ্ম
 প্রকল্প পরিচালক, এটুআই।

ফোন: ৫৫০০৬৯৩১-৩৪

ফ্যাক্স: ৫৫০০৬৯৩৬

ইমেইল: dewan.kabir@a2i.gov.bd


জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১৩.৯৯.০০১.২১.৩৩/১(৯)

তারিখ: ২ আষাঢ়. ১৪২৮
১৬ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সকল।
- ২) সহকারী কমিশনার, সংশ্লিষ্ট বিভাগ / জেলা



১৬-৬-২০২১

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
যুগ্মসচিব (ই-গভর্ন্যান্স), মন্ত্রিপরিষদ বিভাগ ও
যুগ্ম প্রকল্প পরিচালক, এটুআই।